

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলী, সওজ, এর কার্যালয়
সড়ক বিভাগ, মাগুরা।
ফোন ও ফ্যাক্স নং-০২৪৭৭৭-১০৩১৮
email : eerhdmagura@gmail.com


স্মারক নং-৩৫.০১.৫৫০০.৪৪৩.০৭.০৭৭.২২.৯৪১

তারিখঃ ০৩/০৭/২০২৩ খ্রি:


সীমিত দরপত্র পদ্ধতিতে ঠিকাদার তালিকাভুক্তি/লাইসেন্স নবায়ন বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সড়ক বিভাগ, মাগুরা কর্তৃক পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সড়ক ও জনপথ অধিদপ্তরের পরিচালন (রাজস্ব) বাজেটের আওতায় সীমিত দরপত্র পদ্ধতি প্রয়োগের মাধ্যমে প্রতিক্ষেত্রে ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত প্রাক্কলিত মূল্যের অভ্যন্তরীণ ক্রয়কার্য (NCT-Works) সম্পাদনের লক্ষ্যে ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য ঠিকাদার তালিকাভুক্তি/নবায়ন করা হবে। সিপিটিইউ কর্তৃক নির্ধারিত আবেদন ফরম নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, সড়ক বিভাগ, মাগুরা অথবা উপ-বিভাগীয় প্রকৌশলীর কার্যালয়, সড়ক উপ-বিভাগ, মাগুরা হতে আগামী ১৬/০৭/২০২৩ হতে ৩১/০৮/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সরবরাহ করা হবে। ১০০০.০০ (এক হাজার) টাকা অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নির্বাহী প্রকৌশলী, সওজ, মাগুরা সড়ক বিভাগ, মাগুরা এর অনুকূলে জমা প্রদান করে অথবা মানি রিসিটের মাধ্যমে ১০০০.০০ (এক হাজার) টাকা পরিশোধ করত: আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করতে পারবেন। নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) সঠিকভাবে পূরণ পূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ৩১ আগস্ট ২০২৩ খ্রিঃ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে মাগুরা সড়ক বিভাগীয় অফিসে জমা প্রদান করতে হবে। সীমিত দরপত্র পদ্ধতি প্রয়োগের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি ৬৩ অনুসরণযোগ্য এবং এ তালিকাভুক্তিকরণ দরপত্র আহ্বান/কাজ প্রদানের নিশ্চয়তা বিধান করে না।

উল্লেখ্য যে, ইতিপূর্বে অত্র দপ্তরের তালিকাভুক্ত ঠিকাদারগণ ২০২৩-২০২৪ অর্থ বছরের লাইসেন্স নবায়ন ফি বাবদ টাকা = ২,০০০/- (দুই হাজার টাকা) + ১৫% ভ্যাটসহ বিনা জরিমানায় আগামী ৩১/০৭/২০২৩ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অত্র দপ্তরে জমা পূর্বক লাইসেন্স নবায়ন করার জন্য অনুরোধ করা হলো।


(মোঃ আশিকুল ইসলাম)

পরিচিতি নং-৬০২২৬১
নির্বাহী প্রকৌশলী(চ: দা:), সওজ
সড়ক বিভাগ, মাগুরা।



অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, খুলনা জোন, খুলনা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, সড়ক সার্কেল, যশোর।
- ৩। জেলা প্রশাসক, মাগুরা।
- ৪। পুলিশ সুপার, মাগুরা।
- ৫। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মাগুরা/পানি উন্নয়ন বোর্ড, মাগুরা/স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, মাগুরা/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মাগুরা/শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, মাগুরা।
- ৬। কম্পিউটার সিস্টেম এনালিস্ট, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। তাঁকে বিজ্ঞপ্তিখানা RHD web Site-এ প্রকাশের জন্য অনুরোধ করা হল।
- ৭। উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, সড়ক উপ-বিভাগ, মাগুরা।
- ৮। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক দেশ রূপান্তর, ঢাকা/ The Daily Star, 64-65 Kazi Nazrul Islam Avenue, Dhaka-1215 /দৈনিক খেদমত, মাগুরা। বিজ্ঞপ্তিটি তাঁর বহল প্রচারিত পত্রিকায় অনধিক ৪ কলাম x ৫" সাইজে প্রকাশ এবং সৌজন্য ০৩ (তিন) কপি সহ বিল নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের অনুরোধ জানানো হল।
- ৯। অফিস নথি।